



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আবুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.৮৩৮

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৬

২১ জুলাই ২০১৯

বিষয়: সড়ক ও নৌপথে মোট ৩১৭০০ মে.টন গমের চলাচল সূচি।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর ১৭/০৭/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৫২.৫০.০৯৮.১৮.২১৫৪ নং

স্মারক।

২। সাইলো অধীক্ষক, আশুগঞ্জ এর ২৭/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.১১.০০০০.১৮৩.৫০.০৪১.১১.৫১৮ নং

স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সিলেট বিভাগে ইপি/ওপি, চা-বাগান, ওএমএস খাতে বিতরণের জন্য সূত্রস্থ ১নং স্মারকে গমের চাহিদা প্রেরণ করা হয়েছে। চট্টগ্রাম সাইলো হতে আশুগঞ্জ সাইলোতে রেল পথে লাইন ব্রুটি থাকায় দীর্ঘ ২-৩ মাস পরিবহণ বন্ধ রয়েছে। নৌপথে আশুগঞ্জ সাইলো হতে বিভিন্ন খাদ্য গুদামে নৌপথে বস্তাবন্দি গম ছোট নৌকা যোগে প্রেরণ করা হয়ে থাকলেও সম্প্রতি নির্মাণাধীন রাইচ সাইলো কর্তৃক সাইলোর ব্যবহৃত উক্ত নৌ ঘাটটির কিছু অংশ অধিগ্রহণ করে ঘাটটির ব্যবহারের প্রতিবন্ধকতা সৃষ্টি করা হয়েছে। চট্টগ্রাম সাইলো হতে আশুগঞ্জ সাইলোতে পর্যায়ক্রমে সড়ক পথে ১৫০০০ মে.টন গম প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাইলো অধীক্ষক, আশুগঞ্জ কর্তৃক সূত্রস্থ ২নং স্মারকে অনুরোধ করা হয়েছে। বিদেশ থেকে আমদানীকৃত গম চট্টগ্রাম সাইলোতে খালাসের লক্ষ্যে এবং চট্টগ্রাম সাইলোতে খালি জায়গা সৃষ্টির জন্য সাশয়ী ব্লুট, বর্তমান মজুত, চাহিদা বিবেচনায় নিয়োক্তভাবে ৩১৭০০ মে.টন গমের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচল সূচিঃ

| ক্র. নং | প্রেরণ কেন্দ্র  | প্রাপক জেলা    | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য  | মাধ্যম | মন্তব্য |                                     |
|---------|-----------------|----------------|----------------|----------------|-------|--------|---------|-------------------------------------|
| ১.      | চট্টগ্রাম সাইলো | সিলেট          | সিলেট          | এলএসডি         | ৩০০   | গম     | সড়ক    | চসনি, চট্টগ্রাম উপ-সূচি জারি করবেন। |
| ২.      | ঐ               | ঐ              | খাদ্যমন্ত্র    | ”              | ৩০০   | ঐ      | ঐ       | ঐ                                   |
| ৩.      | ঐ               | সুনামগঞ্জ      | মালিকপুর       | ”              | ১০০   | ঐ      | ঐ       | ঐ                                   |
| ৪.      | ঐ               | বান্দরবাড়িয়া | আশুগঞ্জ        | সাইলো          | ১৫০০০ | ঐ      | ঐ       | ঐ                                   |
|         |                 |                | মোট =          |                | ১৫৭০০ |        |         |                                     |

নৌপথে গমের চলাচল সূচিঃ

| ক্র. নং | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | মাধ্যম | মন্তব্য |
|---------|----------------|-------------|----------------|----------------|------|--------|---------|
|         |                |             |                |                |      |        |         |

|    |                    |                         |                         |           |       |            |    |                                   |
|----|--------------------|-------------------------|-------------------------|-----------|-------|------------|----|-----------------------------------|
| ১. | চট্টগ্রাম<br>সাইলো | নারায়ণগ <sup>ঞ্জ</sup> | নারায়ণগ <sup>ঞ্জ</sup> | সাইলো     | ১৬০০০ | চালা<br>গম | নৌ | চসসা বিভাগ উপ-সূচি জারি<br>করবেন। |
|    |                    |                         |                         | মোটে =    | ১৬০০০ |            |    |                                   |
|    |                    |                         |                         | সর্বমোট = | ৩১৭০০ |            |    |                                   |

### পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলি:

- ১। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং সকলক্ষেত্রে ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করতে হবে;
- ২। আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;
- ৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোরাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উভ্যে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৪। সূচির আওতায় জীবিত কীট আক্রান্ত ও নিয়মান্বেষণ কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না;
- ৬। ভি-ইনভয়েস গমের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;
- ১০। সূচির মেয়াদ আগামী ২৮/০৭/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
- ১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরিবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা যাবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



২২-৭-২০১৯

উপল কুমার সাহা

অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি দায়িত্ব)

বিতরণ :

- ১) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম।
- ২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.৮৩৮/১(১৮)

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৬  
২১ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের  
অনুরোধ করা হলো)
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ
- ৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ
- ৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট বিভাগ
- ১০) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ১১) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো
- ১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার, সিলেট।
- ১৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ, সিলেট।
- ১৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ, সিলেট।
- ১৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট।
- ১৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম।
- ১৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ, ঢাকা।
- ১৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি।



২২-৭-২০১৯

উৎপল কুমার সাহা

অতিরিক্ত পরিচালক (চলাচল) (চলতি দায়িত্ব)